



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৯০৭

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

মাদারীপুর আহমদিয়া কামিল মাদরাসা, ডাকঘর : মাদারীপুর, উপজেলা : মাদারীপুর সদর, জেলা : মাদারীপুর -এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৩.০৬.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ :**

- ১। শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে শিক্ষকগণের ধারণা কম। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকগণের সম্মক ধারণা থাকতে হবে।
- ২। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা আরো বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরন, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৩। শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪। ছাত্রীদের জন্য পৃথক কমন্‌রুম, টয়লেট এবং আলাদা নামায রুমের ব্যবস্থা করতে হবে।
- ৫। আইসিটি বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৬। প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। হিসাবরক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৭। আরবিতে শিক্ষার্থীরা খুবই দুর্বল। আরবি ভাষাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৮। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ৯। প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং পরীক্ষার ফলাফল আরো ভালো করতে হবে।
- ১০। মাদরাসার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের আরো সচেতন করতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

*Dono* 02.01.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

মাদারীপুর আহমদিয়া কামিল মাদরাসা,

ডাকঘর : মাদারীপুর, উপজেলা : মাদারীপুর সদর, জেলা : মাদারীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৯০৭

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্ডাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাদেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস. টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, মাদারীপুর আহমদিয়া কামিল মাদরাসা, ডাকঘর : মাদারীপুর, উপজেলা : মাদারীপুর সদর, জেলা : মাদারীপুর।
- ৭। অফিস নথি।

*Jaima*  
02.01.2020

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং-ঢাকা-৭৮